দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 16 FEB 1994 ...
পৃষ্ঠা ৬ কলাম ১

ইসলামী বিশ্ববিদ্যালয়

## পুনরায় রাজনৈতিক কর্মকাণ্ডের ওপর নিষেধাজ্ঞা

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া) থেকে সংবাদদাতা।- ইসলামী বিশ্ববিদ্যালয়ে পুনরায় রাজনৈতিক কর্মকাণ্ডের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। ইতোপূর্বে নিষেধাজ্ঞার মেয়াদ ১২ ফেব্রুয়ারি শেষ হয়ে যাওয়াতে সিন্ডিকেটের জরুরী সভায় তা আগামী ৩০ জুন পর্যন্ত বৃদ্ধির সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ সময়ে ক্যাম্পাসে সকল প্রকার সভা-সমাবেশ ও বিক্ষোভ প্রদর্শন নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। রাজনৈতিক তৎপরতা বন্ধ থাকায় ইসলামী বিশ্ববিদ্যালয়ে পড়ালেখার পরিবেশ ফিরে এসেছে, নিয়মিত পরীক্ষা হচ্ছে। গত ছয় মাসে সন্ত্রাসী ঘটনা ঘটেনি। সাধারণ ছাত্রছাত্রীদের নাম স্বাক্ষরসহ প্রায় ছয়শ' শিক্ষার্থী রাজনীতি বন্ধ রাখার দাবি জানিয়ে উপাচার্যের কাছে স্মারকলিপি জমা দিয়েছে।